জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর

সূত্র ঃ ১৬(৮১৩)জাতীঃবিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিভিপ্র/২০১৭/৯৪০ তারিখঃ ০৫/১২/২০১৭

প্রেরক ঃ **ডিন**
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

প্রাপক ঃ **অধ্যক্ষ**
স্নাতক(সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে পাঠদানকারী (সরকারি ও বেসরকারি) অধিভুক্ত সকল কলেজ

বিষয় ঃ **কলেজের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর কোর্সে পাঠদানকারী শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্তে TTIS-এর মাধ্যমে অনলাইনে আবেদন নিশ্চিত করা প্রসঙ্গে।**

জনাব

আশাকরি আপনি অবগত রয়েছেন যে, কলেজ শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ইউজিসি/জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংক এর যৌথ অর্থায়নে College Education Development Project (CEDP) এর আওতায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীতে পাঠদানকারী শিক্ষকদের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে।

***আগামী ০১/০২/২০১৮ থেকে ২৮/০২/২০১৮ তারিখে* সিইডিপি-৩য় ব্যাচে বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, গণিত ও সমাজবিজ্ঞান বিষয়ের প্রশিক্ষণ জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর-এ অনুষ্ঠিত হবে।**

উক্ত ব্যাচে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য **স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণীতে পাঠদানকারী নিয়মিত নিয়োগপ্রাপ্ত TTIS-ধারী শিক্ষকগণ** কলেজের অধ্যক্ষের মাধ্যমে তাঁর প্রার্থীতা নিশ্চায়ন করতে পারবেন। উল্লেখ্য যে, প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ৪০ (চল্লিশ) জন করে প্রশিক্ষণার্থীর অংশগ্রহণের সুযোগ রয়েছে।

আবেদন *Submit* (প্রেরণ) করার পদ্ধতি :

ইতোমধ্যে যে সকল শিক্ষক ***TTIS***-এ তথ্য প্রেরণ করেছেন তারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট-***www.nu.edu.bd এর TRAINING*** মেন্যুতে ***TTIS-Teachers Training Information System*** ডাটাবেজ-এ রেজিস্ট্রেশনকৃত ***College User Log in*** করে ***Training Application Panel*** মেন্যুর মধ্যে ***Application Page*** সাব-মেন্যু ব্যবহার করে অধ্যক্ষ মহোদয় এর মাধ্যমে/অনুমোদন সাপেক্ষে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রার্থীতা নিশ্চিতকরণের আবেদন ***Submit*** (প্রেরণ) করবেন।

****TTIS***-এর তথ্য প্রেরণের পূর্বে ওয়েবসাইট এর ***TRAINING*** মেন্যুর ***TTIS-Teachers Training Information System***-এ ***College User Log in page***-এ রক্ষিত ***TTIS*** ব্যবহার নির্দেশিকাটি অবশ্যই অনুসরণ করুন।

নিশ্চায়নকৃত আবেদনসমূহের মধ্য থেকে প্রতিটি বিষয়ে ৪০ (চল্লিশ) জন্য শিক্ষকের চূড়ান্ত তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-***www.nu.edu.bd*** -এ এবং ওয়েবসাইট এর ***TRAINING*** মেন্যুতে ***Training Notice***-এ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রকাশ করা হবে । তাছাড়া, প্রশিক্ষণের জন্য চূড়ান্ত মনোনয়নপ্রাপ্তদেরকে স্ব-স্ব মোবাইলে এসএমএস (SMS)/ই-মেইল এর মাধ্যমে অবহিত করা হবে।

***** *আবেদন প্রেরণের সময়সীমা: ০৫/১২/২০১৭ থেকে ৩১/১২/২০১৭ ইং তারিখ।***

** **আবেদন *Submit* (প্রেরণ)-এর ক্ষেত্রে সার্ভার/নেটওয়ার্ক জটিলতা এড়াতে যত দ্রুত সম্ভব আবেদন প্রেরণ করা যেতে পারে।**

বিষয়টি জরুরী।

ধন্যবাদান্তে-

৫.১২.১৭

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন ঃ ৯২৯১০৭৪, ইমেইলঃ ttnubd@gmail.com

সূত্র ঃ ১৬(৮১৩)জাতীঃবিঃ/প্রশিক্ষণ/সিইডিপি/বিভিপ্র/২০১৭/৯৪০ তারিখঃ ০৫/১২/২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৩. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৬. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭. অফিস কপি

(মোঃ হাছানুর রহমান) ০৫/১২/২০১৭
উপ-রেজিস্ট্রার
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
ফোন ঃ ৯২৯১০৮০, ইমেইলঃ ttnubd@gmail.com
শিক্ষক প্রশিক্ষণ অফিসিয়াল পেইজ : **http://www.facebook.com/ttnubdOfficial**